

মেজদির কেঁচ আসে ধীরে, নিঃশব্দে, স্তব্ধ রজনীর শাস্ত গম্ভীর মূর্তির মত ; দয়া নাই, মায়া নাই, স্নেহ নাই, শ্রীতি নাই এমনিই এক পারিপার্শ্বিক আবেষ্টনে সে এসে পড়ে । অসীম অত্যাচার লাহোর মধ্যে আপনারিই ব্যক্তিতে ক্রমে ক্রমে মাতৃরূপা অমূর্তময়ী মেজদির অন্তরে স্থান করে নেয় । সর্বক্ষণ তাই প্রতি সে আমাদের মুগ্ধ দৃষ্টিকে সচেতন করে রাখে ।

সাহিত্য-সংসদ

পঞ্চম বর্ষের প্রথম অধিবেশন ।

গত ২৮শে শ্রাবণ শনিবার সন্ধ্যা ৮টায় ৩৫ নং স্কটলেন্ড ক্যানিং হোটেলের “সাহিত্য সংসদে”র পঞ্চম বর্ষের প্রথম অধিবেশন হইয়া গিয়াছে । অধ্যাপক শ্রীযুক্ত মনিভূষণ ভট্টাচার্য্য এম.এ মহোদয় সভাপতির আসন গ্রহণ করিয়াছিলেন । সভার প্রথমে বিদায়ী সভাপতি শ্রীযুক্ত ধ্রুবদাস ভট্টাচার্য্য ও বিদায়ী সম্পাদক শ্রীযুক্ত গৌরদাস মুখোপাধ্যায় সংসদের বিগত বর্ষের কার্যাবলী সম্বন্ধে বক্তৃতা করেন । তৎপর সুকবি শ্রীযুক্ত গোপাল ভৌমিক বি-এ ‘সাহিত্য-সংসদে’ উদ্দেশ্য এবং ইহার বিগত কার্যাবলী সম্বন্ধে একটি বক্তৃতা দেন । পরিশেষে সভাপতি মহাশয় একটি নাতিদীর্ঘ সুন্দর স্মৃতিভাষণ প্রদান করেন ।

তৎপর বর্তমান বৎসরের জ্ঞাত সাহিত্য-সংসদের নিম্নলিখিত কার্যনির্বাহক সমিতি গঠিত হয় :

পৃষ্ঠপোষক : অধ্যাপক মনিভূষণ ভট্টাচার্য্য ও অধ্যাপক সুখেন্দ্র কুমার রায় ।
সভাপতি : শ্রীযুক্ত গোপাল ভৌমিক বি-এ । সহ-সভাপতি : জ্ঞানেন্দ্র মৈত্র সম্পাদক :
দেবব্রত রেজ সহ-সম্পাদক : অনিলবরণ গাঙ্গুলী, সত্যরঞ্জন দাস, মনতোষ সরকার, ভবেশ
চন্দ্র রায় । নির্বাচন শেষে রাত্রি নয়টার সময় সভা সমাপ্ত হয় ।